**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 31-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সম্প্রতি রাইজিং নর্থ-ইস্ট ইনভেস্টার্স সামিটে ত্রিপুরায় ১৫,৮২৩ কোটি টাকা বিনিয়োগের জন্য ৬৪টি মৌ স্বাক্ষরিত হয়েছে।**

**(২) জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, রাজ্যে জনজাতি অধ্যুষিত অঞ্চলে জাতীয় মানের দশটি আধুনিক পরিকাঠামো সম্বলিত আবাসিক আশ্রম বিদ্যালয় স্থাপন করা হবে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে পহেলগামে সন্ত্রাসী হামলা ভারতের নারীশক্তির জন্য একটি চ্যালেঞ্জ ছিল এবং এটি অপরাধীদের জন্য মৃত্যুদণ্ড হিসেবে প্রমাণিত হয়েছে।**

**(৪) আজ সন্ধ্যায় অতি ভারী বৃষ্টিপাতের ফলে রাজধানী আগরতলার বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে পড়েছে |**

**(৫) ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার নিয়মরক্ষার খেলায় আজ কদমতলি যুব সংস্থা জয়লাভ করেছে।**

*******************************************

**CM-Consultation Programme :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, সম্প্রতি নতুন দিল্লিতে অনুষ্ঠিত রাইজিং নর্থ-ইস্ট ইনভেস্টার্স সামিটে উত্তর-পূর্ব ভারতের বিভিন্ন রাজ্যের জন্য মোট ৪৩ লক্ষ কোটি টাকা বিনিয়োগের সম্ভাবনা সৃষ্টি হয়েছে। এর মধ্যে ত্রিপুরায় ১৫,৮২৩ কোটি টাকা বিনিয়োগ করা হবে। এরজন্য সামিটে ৬৪টি মৌ স্বাক্ষরিত হয়েছে। আজ আগরতলায় এম.ই.আর-স্টক হোল্ডারস কনসাল্টেশন প্রোগ্রামে তিনি একথা বলেন।

মুখ্যমন্ত্রী অনুষ্ঠানে উপস্থিত ব্যবসায়ী প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন, উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলির বিশেষ বিশেষ ক্ষেত্রগুলিকে অর্থনৈতিক উন্নয়নের জন্য সর্বাধিক কাজে লাগানো যেতে পারে। এরমধ্যে ত্রিপুরার ক্ষেত্রে পর্যটন, শিক্ষা, স্বাস্থ্য, আগর, বাঁশ ও রাবারের উপর সর্বাধিক বিনিযোগ করা যেতে পারে।

অনুষ্ঠানে শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আন্তরিক দৃষ্টিভঙ্গির ফলে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চল দ্রুত উন্নয়ন ও প্রগতির পথে এগুচ্ছে। বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে, অধিকর্তা ড. শৈলেশ কুমার যাদব। উপস্থিত ছিলেন ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক, রাজ্য ও বহির্রাজ্যের বিভিন্ন ব্যবসায়ী সংস্থার প্রতিনিধিগণ।

****************************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, রাজ্যে জনজাতি অধ্যুষিত অঞ্চলে জাতীয় মানের দশটি আধুনিক পরিকাঠামো সম্বলিত আবাসিক আশ্রম বিদ্যালয় স্থাপন করা হবে। আজ নয়াদিল্লিতে জনজাতি বিষয়ক মন্ত্রকের সচিব বিভূ নায়ারের সঙ্গে বৈঠকের পর মন্ত্রী শ্রী দেববর্মা একথা জানান।

**************************

**World No Tobacco Day :**

বিশ্ব তামাক মুক্ত দিবসে আজ দক্ষিন জেলার ১৬৩টি স্কুলকে তামাকমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে ঘোষণা করা হয়। দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের অফিসে আয়োজিত অনুষ্ঠানে এই স্কুলগুলির প্রধান শিক্ষকদের হাতে শংসাপত্র তুলে দেন দক্ষিণ জেলার জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডঃ জ্যোতির্ময় দাস। জেলার বিভিন্ন স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে পথনাটক, আলোচনা সভা, দেওয়াল লিখন কর্মসূচী অনুষ্ঠিত হয়।

বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে আজ পশ্চিম জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতির উদ্যোগে আগরতলার আইএমএ হাউসে এক সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল, আগরতলা পুর নিগমের কাউন্সিলার রত্না দত্ত। তামাকজনিত রোগ প্রতিরোধ ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনায় অংশ নেন বক্তারা।

বিশ্ব তামাক মুক্ত দিবস উপলক্ষে আজ ওমেন্স কলেজ NSS ইউনিটের পক্ষ থেকে আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে এক সচেতনতামূলক কর্মসূচির আয়োজন করা হয়। এনএসএস ইউনিটের পক্ষ থেকে তামাকের বিরুদ্ধে সচেতনতা গড়ে তুলতে লিফলেট বিলি করা হয়।

আজ পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে দেওছড়ার নুয়াই একাডেমি ও পশ্চিম নোয়াগাঁও কমিউনিটি হলে আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে তামাকের বিরুদ্ধে জনসচেতনতা আরো বৃদ্ধির জন্য বক্তারা গুরুত্ব আরোপ করেন।

*****************************

**Journalists Union Conference :**

ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের দ্বিবার্ষিক রাজ্য সম্মেলন আজ আগরতলা প্রেসক্লাবে অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধন করেন সাংসদ রাজীব ভট্টাচার্য। ক্রীড়াও যুব কল্যাণ মন্ত্রী টিংকু রায় বলেন সাংবাদিকদের উন্নয়নে সরকার বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছে। সাংবাদিকদের থাকার জন্য আগরতলায় একটি আবাসন তৈরী করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। পৌরহিত্য করেন সংগঠনের সভাপতি প্রনব সরকার। বক্তব্য রাখেন সংগঠনের উপদেষ্টা সাজ্জাদ আলী, সহ-সভানেত্রী চিত্রা রায়, সাধারণ সম্পাদক অলক ঘোষ প্রমুখ।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে পহেলগামে সন্ত্রাসী হামলা ভারতের নারীশক্তির জন্য একটি চ্যালেঞ্জ ছিল এবং এটি অপরাধীদের জন্য মৃত্যুদণ্ড হিসেবে প্রমাণিত হয়েছে। আজ মধ্যপ্রদেশের রাজধানী ভোপালের জাম্বুরি ময়দানে লোকমাতা দেবী অহল্যা বাঈয়ের ৩০০তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজিত নারী ক্ষমতায়ন মহা সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন যে ভারত কোনও ধরণের ছায়া যুদ্ধ সহ্য করবে না এবং এই ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ডের কঠোর জবাব দিতে দৃঢ়প্রতিজ্ঞ।

তিনি বলেন, অপারেশন সিঁদুর ভারতের সাহসিকতার প্রতীক হয়ে উঠেছে। শ্রী মোদী বলেন যে দেশের ১৪০ কোটি মানুষের স্পষ্ট বার্তা হল যে এখন গুলির জবাব শেল দিয়ে দেওয়া হবে।

সরকারের জনকল্যাণমূলক প্রকল্পগুলির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী লোকমাতা দেবী অহল্যাবাঈ হোলকরের আদর্শে অনুপ্রাণিত জনকল্যাণমূলক প্রকল্পগুলির উপর আলোকপাত করেন।

#####Byte-PM####

তিনি বলেন, সরকার তার শাসনব্যবস্থায় "নাগরিক দেবো ভব" মন্ত্র অনুসরণ করছে এবং নারী-নেতৃত্বাধীন উন্নয়নকে জাতীয় অগ্রগতির ভিত্তি করে তুলেছে। তিনি বলেন, প্রতিটি বড় সরকারি উদ্যোগের কেন্দ্রবিন্দুতে রয়েছেন নারীরা।

প্রধানমন্ত্রী বলেন যে আজ, কৃষি প্রযুক্তির মতো ক্ষেত্রে নারীরা নেতৃত্ব দিচ্ছেন, নমো ড্রোন দিদি অভিযানের মতো উদ্যোগ তাদের মনোবল এবং আয় উভয়ই বাড়িয়েছে।

তিনি উল্লেখ করেন যে বিজ্ঞান, প্রকৌশল, চিকিৎসা এবং বিমান চালনায় ক্রমবর্ধমান সংখ্যক নারীর কর্মজীবন চলছে, বিজ্ঞান ও গণিত বিষয়েও তাদের ভর্তির হার বাড়ছে।

তিনি গর্বের সঙ্গে উল্লেখ করেন যে চন্দ্রযান-৩ মিশনের সাফল্যে ১০০ জনেরও বেশি নারী বিজ্ঞানী ও প্রকৌশলী অবদান রেখেছেন।

নারীদের জীবন সহজ করার জন্য সরকারের প্রচেষ্টার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী নলের জল, বিদ্যুৎ, এলপিজি সংযোগ, ব্যাংক অ্যাকাউন্ট এবং শৌচাগারের মতো মৌলিক সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য প্রকল্পগুলির কথা উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী আবাস যোজনার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন যে দরিদ্রদের জন্য ৪ কোটিরও বেশি বাড়ি তৈরি করা হয়েছে, যার বেশিরভাগই মহিলাদের নামে নিবন্ধিত।

এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বেশকিছু গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন করেন।

শ্রী মোদী ১,২৭১টি অটল গ্রাম সেবা সদন নির্মাণের প্রথম কিস্তির টাকা প্রদান করেন। অনুষ্ঠান থেকে দেবী অহল্যাবাঈ হোলকরের ঐতিহ্যকে সম্মান জানাতে, একটি স্মারক ডাকটিকিট এবং ৩০০ টাকার একটি মুদ্রা প্রকাশ করা হয়েছে।

***********************

**Ahilya Bai Holkar :**

বিজেপি সদর শহর জেলা কমিটির উদ্যোগে আজ আগরতলা টাউন হলে রানী অহল্যাবাঈ হোলকারের জন্মের ৩০০তম জন্মবার্ষিকী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, লোকমাতা অহল্যাবাঈ তাঁর নিজের রাজ্যের সমৃদ্ধির জন্য একটি নতুন দিকনির্দেশনা দিয়েছিলেন, এমনকি দরিদ্রদের ক্ষমতায়নে নিজেকে উৎসর্গ করেছিলেন। কাশী বিশ্বনাথ সহ সারা দেশে অসংখ্য মন্দির পুনরুদ্ধারে তাঁর অবদানের কথা তিনি উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য।

বিজেপির খয়েরপুর মন্ডলের উদ্যোগেও রানী অহল্যাবাঈ হোলকারের ৩০০তম জন্মজয়ন্তী উদযাপন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

******************************

**Heavy Rain Agartala :**

আজ সন্ধ্যায় অতি ভারী বৃষ্টিপাতের ফলে রাজধানী আগরতলার বিস্তীর্ণ অঞ্চল জলমগ্ন হয়ে পড়েছে। শহরের বহু রাস্তায় যান চলাচল প্রায় বন্ধ হয়ে পড়েছে। পশ্চিম জেলা প্রশাসন সুত্রে জানা গেছে, বৃষ্টির জল নিষ্কাশনের জন্য এই মুহূর্তে আগরতলা শহরে ১৩টি পাম্প কাজ করছে। মহকুমা প্রশাসন পরিস্থিতির উপর নজর রাখছে। এদিকে, আজ সদর মহকুমা প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে, গত দু'দিনের বৃষ্টিতে জলমগ্ন এলাকার মানুষের জন্য সদর মহকুমার বিভিন্ন স্থানে ৪টি শেল্টার হাউস খোলা হয়েছে। বর্তমানে এই শিবিরগুলিতে ৯৩৯ জন আশ্রয় নিয়েছে। এগুলি খোলা হয়েছে প্রতাপগড় ঋষি কলোনীর প্রতাপগড় ইংলিশ মিডিয়াম উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে, স্বামী দয়ানন্দ উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে, আড়ালিয়া ঋষিদাস কলোনী এস.বি. স্কুলে এবং অক্ষয় কুমার জে.বি. স্কুলে।

******************************

**Manipuri language workshop :**

বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষার পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক প্রণয়নের জন্য তিনদিনের কর্মশালা আজ শেষ হয়েছে। শিক্ষা দপ্তরের অধীন ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের উদ্যোগে গত ২৯শে মে শিশুবিহার উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে এই কর্মশালা শুরু হয়েছিল। আজ সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ককবরক ও অন্যান্য সংখ্যালঘু ভাষা দপ্তরের অধিকর্তা আনন্দ হরি জমাতিয়া। পৌরহিত্য করেন বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষা উন্নয়ন উপদেষ্টা কমিটির চেয়ারম্যান প্রশান্ত সিংহ।

**************************

**Gramin Bank :**

ত্রিপুরা গ্রামীণ ব্যাংক এর উদ্যোগে ওবিসি কল্যাণ দপ্তরের সহযোগিতায় আজ দশটি স্কুলের ছাত্র–ছাত্রীদের মধ্যে ক্রীড়া সামগ্রী বিতরণ করা হয়। এ উপলক্ষ্যে আগরতলার গোর্খাবস্তিস্থিত ওবিসি ওয়েলফেয়ার কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওবিসি কমিশনের চেয়ারম্যান তাপস মজুমদার, ওবিসি কল্যাণ দপ্তরের সচিব তাপস রায়, ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের জেনারেল ম্যানেজার অনুপ কুমার সাহা।

****************************

**Sudhangsu Das :**

প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস আজ খয়েরপুরের আর কে নগরস্থিত পশু হাসপাতালটি পরিদর্শনে যান। পরিদর্শনকালে মন্ত্রী হাসপাতালটিতে চিকিৎসা পরিষেবা সম্পর্কে খোঁজখবর নেন। মন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

***************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার নিয়মরক্ষার খেলায় আজ কদমতলি যুব সংস্থা

জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় কদমতলি যুব সংস্থা ৬-৩ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে হারিয়ে দেয়।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম ত্রিপুরা, উত্তর, ঊনকোটি, ধলাই ও খোয়াই জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণ সঙ্গে ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যাওয়ারও সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস। আজ সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলা এবং তার আশপাশ এলাকায় বৃষ্টি হয়েছে ২০.৮ মিলিমিটার।

****************************